যুগান্তর

21 APR 2016

# আবদুল্লাহ আবু সায়ীদ পাচ্ছেন 'অবিনশ্বর' পুরস্কার

(৩য় পৃষ্ঠার পর)

নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে শুরু হয় দু'দিনের এই অনুষ্ঠানমালা। অনুষ্ঠানে আবদুল হাই মাশরেকির জীবনকাল ও তার সাহিত্যকর্ম নিয়ে আলোচনা করেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী, অভিনেতা শংকর সাঁওজাল ও গীতিকার সেলিম রেজা। প্রথম দিনের সাংস্কৃতিক পর্বে দেশাত্মবোধক, আধুনিক, পল্লী ও পালাগান পরিবেশন করে হোসনে আরা রীমা, শ্রাবনী, আবদুল্লাহ আল মামুন। দ্বৈত নৃত্য পরিবেশন করে রুম্পা ও সুমন। আজ অনুষ্ঠানমালার শেষ দিনে একই মিলনায়তনে মঞ্চায়ন হবে লোককবি আবদুল হাই মাশরেকি রচিত নাটক 'মানুষ ও লাশ'।

**মঞ্চস্থ হল 'রাঢ়াঙ'** : সাঁওতালদের জীবনকাহিনী নিয়ে আরণ্যক নাট্য সম্প্রদায় মঞ্চায়ন করেছে হৃদয়স্পর্শী গল্পের নাটক 'রাঢ়াঙ'। বুধবার সন্ধ্যায় শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে মঞ্চায়ন হয় এই নাটকটি। মামুনুর রশীদ রচিত ও নির্দেশিত 'রাঢ়াঙ'র বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন তমালিকা কর্মকার, শামীমা শওকত লাভলী, বাপ্পাদিত্য চৌধুরী, উর্মি হোসেন, জয়রাজ, সাজ্জাদ সাজু, মামুনুর রশীদ প্রমুখ।